

শাবিপ্রবি ভর্তি পরীক্ষা  
উপাচার্যবিরোধী  
শিক্ষকরা দায়িত্ব  
পালন করেননি

সিলেট অফিস ৮ .

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম সেমিস্টারের ভর্তি পরীক্ষা গতকাল শনিবার অনুষ্ঠিত হয়েছে। তবে উপাচার্যবিরোধী শিক্ষকরা পরীক্ষাপত্রের কোনো দায়িত্ব পালন করেননি।

গতকাল সকাল সাড়ে ৯টায় 'এ' ইউনিটের এবং দুপুর আড়াইটায় 'বি' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তি কমিটি জানায়, পরীক্ষা উপলক্ষে ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ স্থানগুলো ব্লকড সার্কিট (সিসি) ক্যামেরার আওতায় আনা হয়। প্রশাসনের পক্ষ থেকে সিলেট নগরে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়। এ ছাড়া আন্যমাণ আদালত ও প্রক্টরদের চিন্তাও বিভিন্ন পরীক্ষাকেন্দ্রে পরিদর্শন করেছে।

এদিকে উপাচার্যের বিরুদ্ধে আন্দোলনকারী মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদ-এর শিক্ষকরা ভর্তি পরীক্ষায় দায়িত্ব পালন করেননি। পরিষদের আহ্বায়ক অধ্যাপক সৈয়দ সামসুল আলম বলেন, আমরা চাই পরীক্ষা সৃষ্ট ও সুন্দরভাবে হোক। কিন্তু এই উপাচার্য ছাত্রলীগকে দিয়ে শিক্ষকদের ওপর হামলা চালিয়েছেন। তাই আমরা মনে করি, তাঁর সঙ্গে কাজে অংশগ্রহণ করা অনৈতিক।